



ভারতের মন্তব্যের অধিকার নেই নির্বাচনে: রিজওয়ানা হাসান



সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচনকে ঘিরে ভারতের কোনো মতামত দেওয়ার সুযোগ নেই বলে মন্তব্য করেছেন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। তিনি বলেন, নির্বাচন একটি দেশের অভ্যন্তরীণ বিষয়; অন্য দেশ বিশ্লেষণ করতে পারে, কিন্তু মতামত দেওয়ার এখতিয়ার তাদের নেই।

বুধবার (২৮ জানুয়ারি) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। বর্তমানে তিনি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন, পানি সম্পদ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্বে আছেন।

গণভোটের প্রচারণায় জেলা প্রশাসকদের দৃশ্যমানতা কম এমন প্রশ্নে তিনি জানান, উপদেষ্টারা ইতিমধ্যে ৬৪ জেলায় গিয়ে সুশীল সমাজ, শিক্ষক, শিক্ষার্থী ও ধর্মীয় নেতাদের সঙ্গে মতবিনিময় করে গণভোটের উদ্দেশ্য ও বিষয়বস্তু তুলে ধরেছেন। নির্বাচন প্রচার শুরু হওয়ায় এখন আর উপদেষ্টারা জেলায় যাচ্ছেন না। গণভোটের পক্ষে প্রস্তুত করা উপকরণ বিতরণ করা হচ্ছে। জেলা প্রশাসকদের দায়িত্ব শুধু সাধারণ ভোটের পাশাপাশি গণভোটের বিষয়টি জনগণকে জানানো।

তিনি আরও বলেন, বিভিন্ন স্থানে শালীনতার সীমা অতিক্রমের ঘটনা দেখা যাচ্ছে, যা অনাকাঙ্ক্ষিত। সব রাজনৈতিক দলকে দায়িত্বশীল আচরণ করতে হবে। কোনো ঘটনা আইনশৃঙ্খলার পর্যায়ে গেলে তখন সরকারের হস্তক্ষেপের বিষয় আসে; এর আগে কে কোন সভায় কী বললেন তা সরকারের দায়িত্ব নয়।

ভোটের পরিবেশ নিয়ে এক প্রশ্নে রিজওয়ানা হাসান বলেন, তফসিল ঘোষণার দিনই কয়েক জায়গায় ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে, যার ভুক্তভোগী সরকারি কর্মকর্তারাও হয়েছেন। তিনি দাবি করেন, নির্বাচনী পরিবেশ নষ্টে কেউ চেষ্টা করলে সরকার তা মোকাবিলায় প্রস্তুত রয়েছে এবং প্রয়োজন হলে আরও ব্যবস্থা নেওয়া হবে।